



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

সংগ্রহ শাখা, প্রশাসন বিভাগ, গাজীপুর-১৭০৫।

বাউবি/প্রশা(ক্রয়)-১৪(৯৩)/২০০৯-২০১০/৮৪৯

তারিখ : ২০/০২/২০১৮ ইং

প্রধানমন্ত্রীর দীক্ষা
মানসম্মত শিক্ষা

বাউবি'র পুরাতন গাড়ী বিক্রয়ের জন্য
উন্মুক্ত পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর নিম্নোক্ত পুরাতন গাড়ী সমূহ উন্মুক্ত নিলাম দরপত্রের মাধ্যমে 'যেখানে যে অবস্থায় আছে' সে অবস্থায় বিক্রয়ের জন্য অত্র বিজ্ঞপত্রের শর্তানুযায়ী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে জামানত বাবদ 'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর'-এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ) টাকা (তফসিলি ব্যাংক থেকে গৃহীত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট আকারে) সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। আগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান প্রয়োজনে বাউবি'র গাজীপুরস্থ প্রধান কার্যালয়/সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রসমূহে রক্ষিত পুরাতন গাড়ীসমূহ পরিদর্শন করতে পারবেন।

পুরাতন গাড়ীসমূহের বিবরণ :

ক্রমিক	গাড়ী নং	গাড়ীর ধরন	অনুমোদিত সর্ব নিম্ন মূল্য	ক্রয়ের সন	গাড়ী নির্মাতা	ইঞ্জিনের ধরণ	গাড়ী পরিদর্শনের স্থান	দরপত্র জমাদানের স্থান
০১.	ঢাকা মেট্রো- ঠ-১১-০৩৬৩	পিক-আপ	১,৮২,৮০০.০০	১৯৯৫	মিতসুবিসি, জাপান	পেট্রোল	যশোর আঞ্চলিক কেন্দ্র উপশহর, যশোর-৭৪০১ যোগাযোগ : আঞ্চলিক পরিচালক ০৪২১-৬৮৫২৬।	ট্রেজারার দপ্তর, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর- ১৭০৫।
০২.	ঢাকা মেট্রো- ঠ-১১-০৮৫৩	পিক-আপ	১,৮০,০০০.০০	১৯৯৫	মিতসুবিসি, জাপান	পেট্রোল	কুমিল্লা আঞ্চলিক কেন্দ্র দুর্গাপুর, কুমিল্লা-৩৫০০ যোগাযোগ : আঞ্চলিক পরিচালক ০৮১-৭৭৫৫৭।	অথবা
০৩.	ঢাকা মেট্রো- ঠ-১১-০৩৬২	পিক-আপ	৩,৫০,০০০.০০	১৯৯৫	মিতসুবিসি, জাপান	পেট্রোল	বগুড়া আঞ্চলিক কেন্দ্র বনানী, বগুড়া-৫৮০০ যোগাযোগ : আঞ্চলিক পরিচালক ০৫১-৬৮০৫৮।	বাউবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র (বাম পার্শ্বের ঘরে বর্ণিত ঠিকানা মোতাবেক)।
০৪.	ঢাকা মেট্রো- ঠ-১১-০০১৩	বাস	৮,০০,০০০.০০	১৯৯৬	মিতসুবিসি, জাপান	সিএনজি	বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।	

অফেরৎযোগ্য ১,০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে এতদসংক্রান্ত দরপত্র সিডিউল বাউবি'র অর্থ ও হিসাব বিভাগের ক্যাশ শাখা অথবা সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল ১৮/০৩/২০১৮ তারিখ রবিবার পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। বর্ণিত গাড়ীসমূহের বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে।

দরপত্রসমূহ ছকে বর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাস্তবে আগামী ১৯/০৩/২০১৮ তারিখ সোমবার দুপুর ০২:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিন ০২:১৫ মিনিটে দাখিল/গ্রহণের স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

সকল দরদাতাকে কার্যাদেশ/বিক্রয়াদেশ পাওয়ার ১০ (দশ) দিনের মধ্যে অবশিষ্ট ৯০% অর্থ ও সরকারী আইন/বিধি মোতাবেক নিলাম পণ্যের ক্রেতাকে উৎসে কর, আয়কর ও ভ্যাট প্রদান পূর্বক গাড়ী অপসারণের কাজ শুরু করতে হবে এবং ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সমাপ্ত করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত পূর্বক দরপত্র বাতিল করা হবে। গাড়ীর মালিকানা হস্তান্তর ফি ও যাবতীয় কর/বকেয়া করসহ (যদি থাকে) সমুদয় ব্যয় ক্রেতা বহন করবেন। দরপত্রের মেয়াদ ১২০ (এক শত বিশ) দিন বহাল থাকবে।

ছকে বর্ণিত প্রতিটি গাড়ীর জন্য পৃথক পৃথক দর দাখিল করতে হবে। তবে জামানত পৃথক পৃথকভাবে অথবা একত্রেভাবে দেয়া যাবে। একজন দরদাতা/একটি প্রতিষ্ঠান গাড়ীর সিডিউল ক্রয় করত: সকল গাড়ী অথবা একটি গাড়ীর জন্য দর দাখিল করতে পারবেন।

বাউবিতে কর্মরত কোন ব্যক্তি নামে বেনামে নিলামে অংশগ্রহণ করতে পারবেন না। বাউবি কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর বিভিন্ন
প্রোগ্রামের ভর্তির তথ্যের জন্য বাউবি'র
ওয়েবসাইট www.bou.edu.bd দেখুন।

(মোঃ মাহবুব উল্লাহ ইসলাম)

উপ-পরিচালক (সংগ্রহ)

প্রশাসন বিভাগ, বাউবি।

ফোন : ৯২৯১১০১-৪/৪২৯।

Email: mahbub_bou@yahoo.com